দৈনিক বাংলা

তারিখ 17 MAR 1986
পৃষ্ঠা ৬ কলাম ২

14

# সাভারের স্পোর্টস ইনস্টিটিউটে যোগ্য ছাত্র পাওয়া গেল না

॥ জালালউদ্দিন আহমদ ॥

মানিকগঞ্জ।—বাংলাদেশ ক্রীড়া শিক্ষাপ্রতিষ্ঠানে চলতি শিক্ষা বর্ষে আশানুরূপ ছাত্র পাওয়া যায়নি। প্রতিষ্ঠানের নির্ধারিত আসনে ছাত্র ভর্তির জন্য যেসব যোগ্যতার উল্লেখ করে ঘোষণা দেয়া হয়েছিল সে যোগ্যতা অনুযায়ী ছাত্র পাওয়া যায়নি। ফলে নির্ধারিত আসন শূন্য রেখেই এ (মার্চ) মাস থেকে প্রতিষ্ঠানটি চালু করা হয়েছে।

এই ক্রীড়া শিক্ষাপ্রতিষ্ঠানে ফুটবল ও হকি কোর্সে ৩০টি করে মোট ৬০টি আসনের জন্য দেশের প্রতিটি জেলা ক্রীড়া সংস্থা থেকে ছাত্র চাওয়া হয়েছিল। এছাড়াও ক্রীড়া শিক্ষাপ্রতিষ্ঠানের পক্ষ থেকে দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন দেয়া হয়েছিল। সেই অনুযায়ী ফুটবল কোর্সে ১শ ৮২ জন ও হকি কোর্সে ৪২ জন ছাত্রের দরখাস্ত পাওয়া যায়। কিন্তু কর্তৃপক্ষের বাছাই পরীক্ষায় ফুটবল কোর্সে ৩০ জন ছাত্র যোগ্য বলে বিবেচিত হয়। কিন্তু হকি কোর্সে কর্তৃপক্ষের বাছাইতে মাত্র ১৫ জন টেকে।

জানা গেছে, দেশের বিভিন্ন জেলা ক্রীড়া সমিতি ছাত্রদের নাম পাঠানোর সময় বেশির ভাগ ক্ষেত্রে যোগ্যতার মাপ কাঠিতে বিচার বিশ্লেষণ না করেই তাদের নাম পাঠিয়েছে। এর ফলে কর্তৃপক্ষের চূড়ান্ত বাছাই পরীক্ষায় এসব ছেলে ভর্তির জন্য যোগ্য বলে বিবেচিত হয়নি। ভর্তির ব্যাপারে প্রতিষ্ঠানের নিয়মাবলী ভঙ্গ করে গয়রহ নাম পাঠানোর অভিযোগে এই প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ ১২টি জেলা স্পোর্টস কমিটির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের উদ্যোগ নিচ্ছেন।

জানা গেছে, হকি কোর্সে ছাত্র বাছাইয়ের বেলায় শতকরা ৮০ জন ছাত্রই হকি কাকে বলে এর কোন সম্যক ধারনা নেই বলে দেখা গেছে।

উল্লেখ্য, সাভার উপজেলার জিরানীতে নবপ্রতিষ্ঠিত এই ক্রীড়া শিক্ষা ইনস্টিটিউটের নিয়মিত ক্লাস গত ১১ই মার্চ থেকে শুরু হয়েছে। প্রথম সেসনে ফুটবল ও হকি বিষয় দিয়ে এটি শুরু হয়েছে। তবে হকি বিষয়ে ৩০ জন ছাত্রের স্থলে ১৫ জন ছাত্র দিয়ে শুরু হয়েছে এর ক্লাস। বাকি ১৫টি শূন্য পদ পূরণের জন্য ইতিমধ্যেই পত্রিকায় পুনঃবিজ্ঞাপন দেয়া হয়েছে।

জানা গেছে চলতি মাসের শেষ দিকে আনুষ্ঠানিকভাবে এর উদ্বোধন করা হবে। এই শিক্ষাপ্রতিষ্ঠানটি দেশের ক্রীড়া জগতে এ ধরনের একমাত্র প্রতিষ্ঠান।